

কারিগরি ও
মাদ্রাসা শিক্ষা
বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (অর্থ)

জরুরি

www.dme.gov.bd

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.১৭.০০১.১৮.৮

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪

০২ এপ্রিল ২০১৮

বিষয়: রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন তালুক কান্দি হাজী মহসিনিয়া দাখিল মাদরাসার কমিটি না থাকায় অবস্থায় বিকল্প পদ্ধতিতে বেতন- ভাতা এমপিও উত্তোলনে ব্যর্থ হওয়ার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) তালুক কান্দি হাজী মহসিনিয়া দাখিল মাদরাসার স্মারক নং- ডিইও/রং/২০১৭/৬৮৩;
তারিখ: ২৮.১২.২০১৭ খ্রি.


(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখাঃ ১১ এর স্মারক নং- শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮;
তারিখ: ০৫.১০.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে তালুক কান্দি হাজী মহসিনিয়া দাখিল মাদরাসার কমিটি না থাকায় এপ্রিল/২০১৭ ও মে/২০১৭ মাসের বেতন ভাতাদি (এমপিও) এবং ঈদ-উল ফিতর/২০১৭ এর উৎসব ভাতা যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) ও উৎসব ভাতার অর্থ উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. সূত্রে বর্ণিত (২) নং পত্রে উল্লেখ রয়েছে, “যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসকসক প্রতিস্বাক্ষর করবেন”।

০৩. উপরিউক্ত সুস্পষ্ট নির্দেশনা অনুযায়ী আলোচ্য ম্যানেজিং কমিটির অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসকসক) স্বাক্ষরে এমপিও উত্তোলন সম্ভব ছিল কিন্তু আলোচ্য ক্ষেত্রে কেন তা সম্ভব হয়নি এ বিষয়টি সুপারের আবেদনে উল্লেখ না থাকায় আবেদনের বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০৪. এমতাবস্থায়, বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসকসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকারপরও কেনযথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি আগামী ১৫.০৪.২০১৮ খ্রি. তারিখের তার মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২-৪-২০১৮

মোঃ আবদুল মুকীত
সহকারী পরিচালক

সুপার


তালুক কান্দি হাজী মহসিনিয়া দাখিল মাদরাসা পীরগাছা, রংপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.১৭.০০১.১৮.৮/১(৩)

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, রংপুর
- ৩) সভাপতি, তালুক কান্দি হাজী মহসিনিয়া দাখিল মাদরাসা।



২-৪-২০১৮

মোঃ আবদুল মুকীত
সহকারী পরিচালক